

Class :5

Subject :Bengali (2nd language)

Topic:ব্যাকরণ (বিশেষ্য)

বিশেষ্য

আমরা যা কিছু দেখি, শুনি, বোধ, করি বা জানি সব কিছুরই একটা নাম থাকে। যেমন পৃথিবী, আকাশ চন্দ্র, চাঁদ, সূর্য, নক্ষত্র, নদী, সমুদ্র, বারনা, বিভিন্ন পশু পাখির নাম যেমন গরু, ছাগল, ভেড়া, বাঘ, সিংহ, ভালুক, বিড়াল, বিভিন্ন ধরনের পাখি যেমন কাক, কোকিল, কীটপতঙ্গ মাছ কুমির বিভিন্ন ধরনের খাবার জিনিস যেমন দুধ-চিনি জল বিভিন্ন আসবাবপত্র যেমন চেয়ার-টেবিল বই কলম কালি যুদ্ধ ও শান্তি, দস্যুতা, শত্রুতা এগুলো সবই কিছু না কিছুর নাম আছে তাই এগুলো সবই বিশেষ্য।

এই বিশেষ্য গুলোকে আবার পাঁচ ভাগে ভাগ করা যায় যেমন :

১.সংজ্ঞাবাচক বিশেষ্য

২.জাতিবাচক বিশেষ্য

৩.সমষ্টিবাচক বিশেষ্য

৪.ভাববাচক বিশেষ্য

৫.ক্রিয়াবাচক বিশেষ্য

১.সংজ্ঞাবাচক বিশেষ্য :

যে বিশেষ্য দিয়ে লোক, প্রাণী, স্থান নদীতে সমুদ্র উপদ্বীপ নাম বোঝায় যেমন রাম, কলকাতা, হিমালয় পর্বত, গঙ্গা নদী, সবই সংজ্ঞাবাচক বিশেষ্য।

২.জাতিবাচক বিশেষ্য :

যে বিশেষ্য দিয়ে একই শ্রেণীর বা একই জাতের প্রত্যেককে ও সব কে বোঝায় তাকে বলে জাতিবাচক বিশেষ্য যেমন মানুষ পশু-পাখি ফল-ফুল ইত্যাদি।

৩.সমষ্টিবাচক বিশেষ্য :

যে বিশেষ্য পদে কোন কিছুর সমষ্টি বোঝায় তাকে বলে সমষ্টিবাচক বিশেষ্য যেমন। যেমন দল, পাল, সভা ইত্যাদি।

৪.ভাববাচক বিশেষ্য :

যে বিশেষ্য পদে কোন ভাব, অনুভূতি, গুণ বোঝায় তাকে ভাববাচক বিশেষ্য বলা হয়। যেমন দয়া, মায়ী স্নেহ,ভয়, সাহস, আনন্দ, সৌন্দর্য ইত্যাদি।

৫.ক্রিয়াবাচক বিশেষ্য :

যে বিশেষ্য পদে কোন কিছু করার বা কাজের নাম বোঝায় তাকে বলা হয় ক্রিয়াবাচক বিশেষ্য। যেমন হাসা, কান্না, রান্না, শোয়া-বসা খাওয়া পড়াশোনা করা এসবই ক্রিয়াবাচক বিশেষ্য।

ক.নিজের প্রশ্নগুলির উত্তর দাও :

- ১.বিশেষ্য পদ কাকে বলে?
- ২.বিশেষ্য পদ কয় প্রকার? ও কি কি?
- ৩.সংজ্ঞাবাচক বিশেষ্য পদ কাকে বলে?
- ৪.ভাববাচক বিশেষ্য পদ এর সংজ্ঞা দাও?
- ৫.ক্রিয়াবাচক বিশেষ্য কাকে বলে?

খ.দুটি সারির মিল করো :

১.সংজ্ঞাবাচক বিশেষ্য	১.শয়ন
২.জাতিবাচক বিশেষ্য	২.দয়া
৩.সমষ্টিবাচক বিশেষ্য	৩.দল
৪.ভাববাচক বিশেষ্য	৪.রাম
৫.ক্রিয়াবাচক বিশেষ্য	৫.মানুষ

গ.সঠিক উত্তরটি বেছে নিয়ে লেখ :

- ১.সংজ্ঞাবাচক বিশেষ্যের উদাহরণ হল (আফ্রিকা/ গাছ)
- ২.জাতিবাচক বিশেষ্যের উদাহরণ হল(মানুষ /রাবণ)
- ৩.সমষ্টিবাচক বিশেষ্য উদাহরণ হল (দল /রাজু)
- ৪.ভাববাচক বিশেষ্যের উদাহরণ হল(স্নেহ /বাহিনী)
- ৫.ক্রিয়াবাচক বিশেষ্য এর উদাহরণ হল (রান্না/ ঘৃণা)

ঘ.বন্ধনীৰ মধ্য থেকে উদাহরণ গুলি দিয়ে কোনটি কোন পদের উদাহরণ তা দিয়ে শূন্যস্থান পূৰ্ণ কৰো :

(গুজৰাট, দল, বই, আনন্দ, পড়াশোনা)

১.সংজ্ঞাবাচক বিশেষ্য _____

২.জাতিবাচক বিশেষ্য _____

৩.সমষ্টিবাচক বিশেষ্য _____

৪.ভাববাচক বিশেষ্য _____

৫.ক্রিয়াবাচক বিশেষ্য _____